রৌল নং० [ ] मुद्रित पृष्ठों की संख्या : 4

**006** **206 (HRD)**

# 2026

# বংগালী

সময় : ৩ ঘংটে ] [ পূর্ণাংক : 80

সময় - ৩ ঘন্টা পূর্ণমান : ৮০

নির্দেশঃ– নীচের প্রশ্নগুলির পরিমিত ও যথাযথ উত্তর দাও। নির্ভুল উত্তর, শুদ্ধ বানান ও পরিষ্কার পরিচ্ছন্ন লেখা একান্ত বাঞ্ছনীয়। এই প্রশ্নপত্র চার বিভাগে বিভক্ত। চারটি বিভাগের প্রত্যেকটি প্রশ্নের উত্তর দেওয়া অনিবার্য। প্রত্যেকটি প্রশ্নের নির্ধারিত অঙ্ক তাহার সম্মুখে অঙ্কিত।

**বিভাগ-'ক' বোধ পরীক্ষন (Section-'A' Reading Comprehension)**

1. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও :-

আজকের আধুনিক নগরজীবনে মানুষ নানা ধরনের মানসিক ও শারীরিক সমস্যার মুখোমুখি হয়। ব্যস্ত কর্মজীবন, দূষণ এবং সময়ের অভাব মানুষের উপর অতিরিক্ত চাপ তৈরি করে। এর ফলে অনিদ্রা, উদ্বেগ, ক্লান্তি'র মতো সমস্যা বেড়ে চলেছে। তাই পৃথিবীর বহু দেশে শহর পরিকল্পনায় আরবান নেচার থেরাপি' অন্তর্ভুক্ত করা হচ্ছে। এতে শহরের ভেতরেই ছোট ছোট সবুজ এলাকা, কৃত্তিম লেক, খোলা পার্ক নির্মাণ করা হয়।

অনেক গবেষণায় দেখা গেছে, দিনে মাত্র ১৫ মিনিট প্রকৃতির মাঝে হাঁটাহাঁটি করলে মন শান্ত হয়, রক্তচাপ কমে এবং কাজের প্রতি মনোযোগ বাড়ে। তবে বাস্তবে এমন সবুজ এলাকা বানানো সহজ নয়। শহরে জমির অভাব, জনসংখ্যা বৃদ্ধি এবং দূষণ বড় বাধা হয়ে দাড়ায়। ফলে এইসব পরিকল্পনা বাস্তবায়ন করাও কঠিন হয়ে পড়ে। তবুও পরিবেশবিদরা মনে করেন, দীর্ঘমেয়াদে শহরকে বাসযোগ্য রাখতে চাইলে টেকসই পরিকল্পনার মাধ্যমে সবুজ এলাকা বৃদ্ধি অপরিহার্য।

(ক) শহরের মানুষের প্রধান সমস্যা কোনটি ? 1

i সময়ের প্রাচুর্য ii মানসিক চাপ

iii পর্যাপ্ত বিশ্রাম

(খ) 'আরবান নেচার থেরাপি'র প্রধান উদ্দেশ্য কী ? 1

(গ) অনুচ্ছেদ থেকে "শান্ত" শব্দটির বিপরীতার্থক শব্দ লেখ। 1

(ঘ) সঠিক উত্তরটি বসাও :- 1

প্রকৃতির সংস্পর্শে এলে মন অনেকটা -------------------- হয়।

2. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও :-

শহর থেকে বহু দূরে অবস্থিত জনকল্যাণপুর নামে গ্রামটি এক সময় অবহেলিত ছিল। গ্রামের রাস্তাঘাট ভাঙাচোরা, পানীয় জলের প্রকৃত ব্যবস্থা ছিল না, আর স্বাস্থ্যকেন্দ্র বলতে একটি পরিত্যক্ত ঘরই ছিল। কিন্তু গত কয়েক বছরে গ্রামের মানুষ নিজেরাই গ্রামের উন্নয়নের উদ্যোগ নেয়। গ্রামের যুবকদের নেতৃত্বে গড়ে ওঠে "উন্নয়ন সমিতি"।

সমিতির সদস্যারা বাড়ি বাড়ি গিয়ে মানুষের সমস্যার কথা শোনে এবং সেগুলিকে গুরুত্ব

দিয়ে কাজে নেমে পড়ে। তাদের প্রথম কাজ ছিল পানীয় জলের ব্যবস্থা করা। গ্রামের পুকুর পরিষ্কার করে টিউবওয়েল বসানো হয়। স্বাস্থ্যকেন্দ্রটি নতুন করে সংস্কার করা হয়। সপ্তাহে দু'দিন একজন চিকিৎসক সেখানে এসে রোগীদের দেখেন। রাস্তাঘাট মেরামতের জন্য জেলা পরিষদের সাহায্য নেওয়া হয়।

আজ জনকল্যাণপুর এক আদর্শ গ্রামে পরিণত হয়েছে। মানুষ বিশ্বাস করে ঐক্য ও সচেতনতা থাকলে একটি ছোট গ্রাম ও বড় পরিবর্তন আনতে পারে।

(ক) জনকল্যাণপুর গ্রামে "উন্নয়ন সমিতি" কারা গঠন করেছিল ? 1

(খ) স্বাস্থ্যকেন্দ্রে সপ্তাহে কতদিন চিকিৎসক রোগীদের দেখেন ? 1

(গ) Assertion (A) ঃ জনকল্যাণপুর গ্রামের পানীয় জলের সমস্যা সমাধান হয়েছিল। 2

Reason (R) ঃ গ্রামে নতুন টিউবওয়েল বসানো হয়েছিল।

(i) A এবং R দুটিই সত্য এবং R, A -- কে সঠিকভাবে ব্যাখ্যা করে।

(ii) A এবং R দুটিই সত্য কিন্তু R, A -- কে সঠিকভাবে ব্যাখ্যা করে না।

(iii) A সত্য কিন্তু R মিথ্যা

(iv) A মিথ্যা কিন্তু R সত্য

3. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও :-

আজকের পৃথিবী প্রযুক্তিনির্ভর। কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) রোবোটিক্স, ড্রোন, বায়োটেক --- এসব নতুন প্রযুক্তি মানুষের কাজকে সহজ দ্রুত ও নির্ভুল করেছে। চিকিৎসা ক্ষেত্রে রোবোটিক সার্জারি, কৃষিক্ষেত্রে স্বয়ংক্রিয় যন্ত্র, আর শিক্ষায় স্মার্ট-ক্লাসরুম সবই প্রযুক্তির উপহার।

তবে প্রযুক্তির অতিরিক্ত নির্ভরতা বিপদেরও কারণ হতে পারে। মানুষ কম সময়ে বেশি কাজ করলে ও শারীরিক শ্রম কমে যাচ্ছে। মোবাইল ও কম্পিউটারের অতিরিক্ত ব্যবহার থেকে চোখ, ঘাড় ও মনের সমস্যা দেখা দিচ্ছে। AI মানুষের কাজ কেড়ে নেবে কিনা - এই আশঙ্কাও রয়েছে। তাই প্রযুক্তির ব্যবহার দরকার সমতা ও সতর্কতার সঙ্গে।

শিক্ষক, চিকিৎসক, ইঞ্জিনিয়ার -- সবাইকে প্রযুক্তির সঙ্গে তাল মিলিয়ে চলতে হবে। প্রয়োজন দক্ষতা বৃদ্ধি ও সচেতনতা।

(ক) কোন ক্ষেত্রে রোবোটিক সার্জারি ব্যবহৃত হয় ? 1

(i) কৃষি (ii) চিকিৎসা (iii) পরিবহন

(খ) প্রযুক্তির অতিরিক্ত ব্যবহারে শারীরিক সমস্যা হতে পারে।(সত্য/অসত্য) 1

(গ) প্রযুক্তিকে সঠিকভাবে ব্যবহার করতে কী কী প্রয়োজন ? 2

## বিভাগ-'খ' Section-'B' (Writing)

4. তোমাদের গ্রামে একটি লাইব্রেরী স্থাপনের অনুরোধ জানিয়ে পঞ্চায়েত প্রধানের কাছে একটি আবেদন পত্র লেখ। 6

অথবা

কোন ও পুস্তক পাঠের পরামর্শ দিয়ে তোমার বন্ধুকে একখানি পত্র লেখ।

5. নীচে প্রদত্ত যে কোন একটি বিষয়ের উপর ১৫০ শব্দের মধ্যে একটি অনুচ্ছেদ রচনা কর। 6

(i) দেশভ্রমণের উপযোগিতা

(ii) ছাত্রজীবনের লক্ষ

(iii) শিক্ষা ও মাতৃভাষা

## বিভাগ-'গ' ব্যাকরণ (Section-'C')

6. সন্ধি বিচ্ছেদ করো ঃ- (যে কোন আটটি) 4

(i) তপোবন
(ii) মৃন্ময়
(iii) উচ্ছাস
(iv) মস্তকচ্ছেদন
(v) যশোলাভ
(vi) মনোভীষ্ট
(vii) শ্রবনেন্দ্রিয়
(viii) বিপদজনক
(ix) মূলচ্ছেদ
(x) নিশ্চল

7. সমাসবদ্ধ পদে পরিণত করো এবং সমাসের নাম লেখ ঃ- (যে কোন চারটি) 1x4=4

(i) আগা হইতে গোড়া পর্যন্ত
(ii) বীর যে পুরুষ
(iii) জমা ও খরচ
(iv) গৃহে গৃহে
(v) দোয়াত ও কলম

8. নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করো ঃ- 1x4=4

(i) 'লোকটি দরিদ্র কিন্তু সৎ।' (সরল বাক্যে)
(ii) 'তাদের চুপ করে থাকার প্রচুর কারণ ছিল।' (জটিল বাক্যে)
(iii) 'সে কথা দিয়েও এলো না ।' (যৌগিক বাক্যে)
(iv) 'তিনি ছিলেন রাজনৈতিক সন্ন্যাসী।' (জটিল বাক্যে)

9. নীচে চলিত ভাষার রচনাংশটিকে সাধু ভাষায় রূপান্তরিত করো ঃ- 4

পদ্মার ইলিশ মাছ ধরার মরশুম চলেছে। দিনরাতের কোনো সময়েই মাছ ধরার কামাই নেই। সন্ধ্যার সময় জাহাজ ঘাটে দাড়ালে দেখা যায় নদীর বুকে শত শত আলো অনির্বাণ জোনাকির মতো ঘুরে বেড়াচ্ছে।

## বিভাগ-'ঘ' গদ্যাংশ (Literature)

10. নীচে দেওয়া প্রশ্নগুলির সঠিক উত্তর লেখ ঃ- 1x6=6

(i) কথাটা শুনে তপনের চোখ -------------------- হয়ে গেল।
(ক) স্থির (খ) গোল (গ) মার্বেল

(ii) আলো বাবু পেশায় উকিল ছিলেন। (সত্য/অসত্য)

(iii) বৈরাগীর ঝোলার মধ্যে গীতা ছিল। (সত্য/অসত্য)

(iv) তপন তার প্রথম গল্পটি লিখেছিল, যে সময় ------
(ক) সকাল বেলা (খ) দুপুর বেলা (গ) রাত্রি বেলা

(v) হোলির দিন দলের ছেলেরা অমৃত আর ইসাব কে একরকম জামা পরতে দেখে কী করতে বলেছিলো ?

(vi) পান্নালাল প্যাটেল কোন ভাষার লেখক ছিলেন ?
(ক) বাংলা (খ) হিন্দি (গ) গুজরাটি

11. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখ ঃ- 2½x4=10

(i) অবিনাশবাবুর ছেলের নাম কী ? আলোবাবুর সম্পর্কে অবিনাশবাবু লেখককে কী বলেছেন ?

(ii) সজল চোখে পাঠান বললেন ''কী খাঁটি কথা''----- বক্তব্য কী ?

(iii) ''তবে কিছু উপদেশ শুনিয়ে যান'' ----- বক্তাকে কী কী উপদেশ শোনানো হয়েছিল ? এখানে বক্তা বলতে কাকে বোঝানো হয়েছে ?

(iv) ''নতুন মেসোকে দেখে জ্ঞানচক্ষু খুলে গেল তপনের'' ---- জ্ঞানচক্ষু বলতে কী বোঝ ? তপনের জ্ঞানচক্ষু কী ভাবে খুলে গিয়েছিল ?

### পদ্যাংশ (Poetry)

12. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখ ঃ- (যে কোন পাঁচটি) 2x5=10

(i) ''নক্‌শিকাঁথা কী ? তিনপাহাড়ের নক্‌শিকাঁথার কীসের কলরব শোনা যায় ?

(ii) ''আমরা ভিখারি বারোমাস'' ----- আমরা বলতে কাদের বোঝানো হয়েছে ? তারা নিজেদের সর্বদা ভিখারি বলে মনে করেছেন কেন ?

(iii) ''তোমার পানী আর আমার জল জীবনের জন্য'' -----

(ক) কার লেখা কোন কবিতার অন্তর্গত ?

(খ) আলোচ্য অংশে কবি কী ব্যক্ত করেছেন ?

(iv) 'বর্ম' কথার অর্থ কী ? কবি কিসের বর্ম গায়ে পরেছেন ?

(v) ''সহজ করে বাঁচা কি আর খাঁচাতে সম্ভব''----- খাঁচাতে কি আর বাঁচা সম্ভব বলতে কী বোঝানো হয়েছে ?

(vi) ''আয়ে আরো বেঁধে বেঁধে থাকি''----- এ আমন্ত্রন কেন ?

### (Supplementary Reader)

13. নীচে দেওয়া প্রশ্নগুলির উত্তর লেখ ঃ- 1x4=4

(i) পোস্টমাস্টার প্রথম কাজ আরম্ভ করেন ------

(ক) মশাট গ্রামে (খ) বিমাপুরগ্রামে (গ) উলাপুর গ্রামে

(ii) শশীভূষণের জমিদারী কাজকর্ম কে দেখাশুনা করত ?

(iii) ''ও তো পরের ঘরের মেয়ে, সুযোগ পাইলেই দুটো কথা বলিবে''----- কথাগুলি কে বলেছিলেন ?

(iv) মিনির বিয়ের আয়োজন করা হয়েছিল ------

(ক) শীতকালে (খ) বসন্তকালে (গ) শরৎকালে

14. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখ ঃ- (যে কোন পাঁচটি) 2x5=10

(i) ''মনটা কেমন ব্যথিত হইয়া উঠিল।''------

(ক) কার মনটা ব্যথিত হইয়া উঠিল ?

(খ) কোন প্রসঙ্গে এই কথাটি বলা হয়েছে ?

(ii) ''শরীরটা ভালো বোধ হচ্ছে না-দেখ তো আমার কপালে হাত দিয়ে''----- কে কাকে, কখন এই কথা বলেছিলেন ?

(iii) ''সেও পিতা আমিও পিতা।'' উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(iv) ''দাদা মাপ করিয়াছ, তবে তোমার এই সম্পত্তি তুমি গ্রহণ করো।''----- কে কাকে, কোন প্রসঙ্গে এই উক্তি করেছেন ?

(v) ''বিবাহের বিশেষ সম্ভাবনা দেখা যায় না।''- কাকে উদ্দেশ্য করে কোন প্রসঙ্গে এই উক্তি ?

(vi) ''মরণ হইলেই ভালো হয়''----- কে কোন প্রসঙ্গে এই কথা বলেছেন ?

*****